

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধোবাউড়া, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১১৬.০০০.৫৫.০০১.১৯-৯৩৭

তারিখ : ০৫/১১/২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৩ জুলাই ২০১৭ খ্রি. এর এস, আর, ও, নং ২৩২-আইন/২০১৭ এর জারীকৃত প্রজ্ঞাপন মোতাবেক ময়মনসিংহ জেলার ধোবাউড়া উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদে উল্লেখিত ওয়ার্ডের মহল্লাদার পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত প্রকৃত স্ব-স্ব ইউনিয়নের (সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে) নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	শূন্য পদের সংখ্যা	বেতন (সরকার কর্তৃক নির্ধারিত)	যোগ্যতা
০১	মহল্লাদার	১ নং দক্ষিন মাইজপাড়া	৬	০১	সরকারি অংশ =৩,২৫০/- ইউনিয়ন পরিষদ অংশ =৩,২৫০/- মোট: =৬,৫০০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২		২ নং গামারীতলা	১,২,৩,৫,৬,৮,৯	০৭		
০৩		৩ নং ধোবাউড়া	৩	০১		
০৪		৪ নং পোড়াকান্দুলিয়া	১,৬	০২		
০৫		৫ নং গোয়াতলা	২,৩,৭,৮,৯	০৫		
০৬		৬ নং ঘোষণাও	১,৬,৭,৮,৯	০৫		
০৭		৭ নং বাঘবেড়	২,৩,৪,৫,৬,৯	০৬		

নিয়োগের শর্তাবলী :-

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং স্থায়ী বাসিন্দা হতে হবে।
- নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে এবং খামের উপর পদের নাম, নিজ ইউনিয়নের নাম ও ওয়ার্ড নং লিখতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :
(ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, (খ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, (ঘ) জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি, (ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ (সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের নামযুক্ত সীল ব্যবহার করতে হবে)।
- মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর শারীরিক যোগ্যতা :
পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :
(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) বৃকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।
মহিলার প্রার্থীর ক্ষেত্রে :
(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) বৃকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ৪x১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে এবং খামের উপরে মোটা অক্ষরে পদের নাম ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন, যে কোন ধরনের সুপারিশ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীর বয়স ২৬/১১/২০১৯ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত যেমন- (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ২৬/১১/২০১৯ খ্রি. তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) অভিজ্ঞতা (যদি থাকে), (ঠ) কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে।
- মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি বিবেচনা করা হবে না।
- আবেদনপত্র আগামী ২৬/১১/২০১৯ খ্রি. তারিখ অফিস চালাকালীন সময় বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে/ সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

(রাফিকুজ্জামান)


উপজেলা নির্বাহী অফিসার
ধোবাউড়া, ময়মনসিংহ।
মোবাইল- ০১৭৩৩-৩৭৩৩৪৪

স্মারক নং-০৫.৪৫.৬১১৬.০০০.৫৫.০০১.১৯-৯৩৭

তারিখ : ০৫/১১/২০১৯ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ।
- ০৪। অফিসার ইনচার্জ, ধোবাউড়া থানা, ময়মনসিংহ।
- ০৫। উপজেলা.....কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ।
- ০৬। সহকারী প্রোগ্রামার, ধোবাউড়া, ময়মনসিংহ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। চেয়ারম্যান,.....ইউ.পি. (সকল), ধোবাউড়া, ময়মনসিংহ। [তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, হাট-বাজারের জনবহুল স্থানে এবং তথ্য বাতায়নের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।]
- ০৮। অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল কপি।



উপজেলা নির্বাহী অফিসার
ধোবাউড়া, ময়মনসিংহ।